

২০২০

বাংলা

স্নাতকোত্তর

COURSE NO – BNG – 403

পূর্ণমান – ৪০

সময় – ২ ঘন্টা

(পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে)

যে কোন ২ টি প্রশ্নের উত্তর দাও: (অনধিক ২০০ শব্দে)

৮ X ২ = ১৬

- ১। রোমান্টিক আন্দোলনের প্রেক্ষাপট আলোচনা করে এর গুরুত্ব সংক্ষেপে লেখো।
- ২। ফেমিনিজম মুভমেন্টের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৩। অ্যারিস্টটলের পোয়েটিক্স অনুসরণে ট্রাজেডির ষড়ঙ্গ উপাদান সম্পর্কে আলোচনা করো।
- ৪। অনুকরণ সম্বন্ধে পোয়েটিক্সের প্রথম তিনটি অধ্যায়ে অ্যারিস্টটল যা বলেছেন, তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

বিভাগ – খ

যে কোন ৪ টি প্রশ্নের উত্তর দাও: (অনধিক ১০০ শব্দে)

৪ X ৪ = ১৬

- ৫। রোমান্টিক সাহিত্যাদর্শের লক্ষণগুলি সংক্ষেপে উল্লেখ করো।
- ৬। ক্লাসিসিজম ও রোমান্টিসিজমের মধ্যকার চারটি পার্থক্য চিহ্নিত করো।
- ৭। উত্তর-আধুনিক কালে ফেমিনিজম বা নারীবাদের গুরুত্ব সংক্ষেপে উল্লেখ করো।
- ৮। আধুনিক বাংলা সাহিত্যধারায় নারীর নিজস্ব ভাষা নির্মাণের প্রচেষ্টার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৯। মহাকাব্যের গঠন সম্পর্কে অ্যারিস্টটলের অভিমত সংক্ষেপে বিবৃত করো।
- ১০। মহাকাব্য ও ট্রাজেডির সাদৃশ্য ও বৈসাদৃশ্য সম্বন্ধে অ্যারিস্টটলের অভিমত সূত্রাকারে দেখাও।
- ১১। মহাকাব্যের শ্রেণীবৈচিত্র্য সম্পর্কে অ্যারিস্টটলের বক্তব্য লিপিবদ্ধ করো।
- ১২। সংক্ষিপ্ত আলোচনা করো – ক্যাথারসিস।

বিভাগ - গ

যে কোন ৪ টি প্রশ্নের উত্তর দাও:

২ X ২ =৮

- ১৩। রোমান্টিক আন্দোলনের ক্ষেত্রে যে কাব্য-সংকলনটির ভূমিকা ছিল অপরিসীম, সেই গ্রন্থটির নাম এবং প্রথম প্রকাশকাল লেখো।
- ১৪। 'কল্পনা' নামক বিষয়টির তাত্ত্বিক ব্যাখ্যা কোলরিজ তাঁর যে গ্রন্থে দিয়েছিলেন তার নাম কি? গ্রন্থটির প্রথম প্রকাশ কবে হয়েছিল?
- ১৫। 'The Second Sex' বইটি কার লেখা এবং এটির প্রথম প্রকাশকাল লেখো।
- ১৬। 'Gynocritics' শব্দটি কে, কবে প্রথম প্রয়োগ করেন?
- ১৭। পোয়েটিক্স - এর সর্বাধিক প্রাচীন অনুবাদটি কোন সময়ে, কোন ভাষায় হয়েছিলো? অনুবাদক কে ছিলেন?
- ১৮। অ্যারিস্টটল তাঁর কাব্যতত্ত্বের মূলসূত্রগুলি রচনা করেছিলেন কোন কোন কবির রচনা থেকে?
- ১৯। 'দিথুরামব' কাব্য কী জাতীয় রচনা? এর মূল বিষয় কি?
- ২০। 'নোম কবিতা' কী জাতীয় সংগীত ? কী উপলক্ষে তা গাওয়া হতো?

-----